সমকাল

তারিখ ...08. AUG 2015...
পৃষ্ঠা ...৩... কলাম ...৫...

# ভিকারুননিসায় বিজ্ঞান উৎসব

■ সমকাল প্রতিবেদক

দেশের অন্যতম সম্পদ সুন্দরবনে প্রায়ই তেলবাহী জাহাজ ডুবে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয় পরিবেশ। আরও অনেক নদীতে তেল কিংবা ফার্নেস পড়ে হুমকির মুখে পড়ে জলজ সম্পদ। এসব ঘটনায় বেশ উদ্বিগ্ন ছিল লামিসা, সামিয়া ও সাদিয়া। ভিকারুননিসা নুন স্কুলের নবম শ্রেণীর ছাত্রী এরা। তিনজন মিলে বানিয়েছে বিশেষ ধরনের ওয়াটার রিফাইনার। পানির সঙ্গে মেশে না এমন যে কোনো পদার্থ পানি থেকে আলাদা করবে এই মেশিন।

প্লাস্টিক পদার্থ পরিবেশের জন্য ক্ষতিকর। কিন্তু হৃদি, মারজানা, সাদিয়া আবিষ্কার করেছে প্লাস্টিক পদার্থের অভিনব ব্যবহার। তাদের মতে পুরনো প্লাস্টিক ও পলিথিন রাস্তা নির্মাণে ব্যবহার করলে নির্মাণ ব্যয় যেমন কমবে, পরিবেশ রক্ষার্থেও তা ভূমিকা রাখবে।

এ ছাড়া বর্জ্য ব্যবস্থাপনা, ঘরে তৈরি এয়ারকন্ডিশনার, অটো ট্রাফিকিংসহ আরও কতশত প্রজেক্ট বানিয়েছে খুদে বিজ্ঞানীরা। রাজধানীর বেইলি রোডে ভিকারুননিসা নূন স্কুলের বিজ্ঞানমেলায় নিজেদের উদ্ভাবন নিয়ে জড়ো হয়েছে এমন খুদে বিজ্ঞানীরা।

মহাবিশ্বের অজানা রহস্য উদঘাটন ও বিজ্ঞানের প্রতি মানুষকে আগ্রহী করে তুলতে ভিকারুননিসা নূন স্কুল ও কলেজে চলছে অষ্টাদশ 'প্রাণ ফ্রুটো ভিকারুননিসা নূন বিজ্ঞান উৎসব ২০১৫'। বিজ্ঞান মেলার আয়োজক ভিকারুননিসা নূন সায়েন্স ক্লাব। গতকাল শুক্রবার উৎসবের দ্বিতীয় দিনে স্কুল অডিটোরিয়ামে আয়োজন করা হয় বিজ্ঞানের ওপর বক্তৃতা ও সাধারণ জ্ঞানের কুইজ প্রতিযোগিতা।

খুদে বিজ্ঞানীদের এই উৎসব চলবে চার দিন। ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের শিক্ষার্থীদের বিজ্ঞান প্রকল্প প্রদর্শনীর পাশাপাশি রাজধানীর ৬৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় দেড় হাজার শিক্ষার্থী কুইজ, অলিম্পিয়াড, রুবিক'স কিউব ও সুডোকু প্রতিযোগিতা, বক্তৃতা এবং সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে। ঢাকার আরও ৫০টি স্কুল এবারের প্রতিযোগিতায় অংশ নিয়েছে। প্রতিযোগিতায় ঢাকার স্কুল, কলেজ ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়কেও আমন্ত্রণ জানানো হয়েছে।